৮

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-১/করশাখা-৩/২০১৫-২০১৬/ ৮৬২ তারিখঃ ০৩-০৯-২০১৫

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২ মহাব্যবস্থাপক ,স্থানীয় মুখ্য কার্যালয়
০৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ
০৫। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২০১ ৪-১৫ অর্থবছর (২০১৫-১৬ আয়কর বছর) এর বৈতনিক আয়ের উপর আয়কর রিটার্ন দাখিল প্রসংগে।**

প্রিয় মহোদয়,

অত্র ব্যাংকের সকল করদাতা কর্মকর্তা/কর্মচারীদের ২০১৪-২০১৫ অর্থবছরের (২০১৫-২০১৬ কর বছরের) জন্য বৈতনিক আয়কর বাবদ ৯৯,৯১,৮৭২/-(নিরানব্বই লক্ষ একানব্বই হাজার আটশত বাহাত্তর মাত্র) টাকা গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কর কমিশনারের কার্যালয়, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ২য় ১২তলা সরকারি অফিস ভবন (৭ম তলা) সেগুন বাগিচা, ঢাকা আয়কর কর্তৃপক্ষকে বাংলাদেশ ব্যাংক চালানের মাধ্যমে নিম্নরূপভাবে অগ্রিম বৈতনিক আয়কর বাবদ প্রদান করা হয়েছে। প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ আয়কর রিটার্ণ দাখিল করার সময় যে কোন একটি চালান নম্বর উল্লেখ করতে হবে।

| ক্রঃনং | চালান নং | তারিখ | চালানে জমাকৃত টাকার পরিমান | জমাকৃতমোট অগ্রিম |
|---|---|---|---|---|
| ১ | ২৭০৮ | ২৮-০১-১৪ | ৪৯,৯১,৮৭২/- | ৪৯,৯১,৮৭২/- |
| ২ | ৫৫২৯ | ০৮-০৪-১৪ | ৫০,০০,০০০/- | ৯৯,৯১,৮৭২/- |

০২। ২০১৫-২০১৬ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হারঃ

(ক) গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ আইন ২০১৫ এর মাধ্যমে ব্যক্তি করদাতা, হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হবে; যথাঃ-

***১ জুলাই, ২০১৫ তারিখে আরব্ধ কর বছরের জন্য আয়করের হার নিম্নরূপঃ***

| | মোট আয় | হার |
|---|---|---|
| (ক) | প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা) | শুন্য |
| | ৩,০০,০০০/- টাকা পর্যন্ত (মহিলা করদাতা) | শুন্য |
| (খ) | পরবর্তী ৪,০০,০০০/-( চার লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% হারে। |
| (গ) | পরবর্তী ৫,০০,০০০/-( পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% হারে। |
| (ঘ) | পরবর্তী ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% হারে। |
| (ঙ) | পরবর্তী ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২৫% হারে। |
| (চ) | অবশিষ্ট মোট আয়ের উপর............................ | ৩০% হারে। |

তবে শর্ত থাকে যে, মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা ৩,০০,০০০/- টাকা করা হয়েছে। প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা ৩,৭৫,০০০/- টাকা এবং গেজেটভুক্ত যোদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা ৪,২৫,০০০/- টাকা।

আরও শর্ত থাকে যে, ন্যূনতম করের পরিমাণ কোনভাবেই নিম্নরুপে বর্ণিত হারের কম হবে না।

এলাকাভিত্তিক ন্যূনতম আয়করঃ

| | এলাকা | | ন্যূনতম আয়করের হার(টাকা) |
|---|---|---|---|
| (ক) | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | - | ৫,০০০/- |
| (খ) | অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | - | ৪,০০০/- |
| (গ) | সিটি কর্পোরেশন বতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | - | ৩,০০০/- |

(খ) অর্থ আইন ২০১৫ এর মাধ্যমে ব্যক্তি করদাতার প্রদেয় আয়করের উপর প্রযোজ্য সারসার্জ আরোপের বিধানে পরিবর্তন আনা হয়েছে। পূর্বের ন্যায় আয়কর রিটার্ণের সাথে দাখিলকৃত পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান/পরিমাণ ২.২৫ কোটি টাকার উর্ধ্বে হলে নীট পরিসম্পদের উপর ভিত্তি করে নিম্নলিখিত হারে প্রদেয় আয়করে নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হবেঃ

| | নীট পরিসম্পদের মূল্যমান | সার চার্জের হার |
|---|---|---|
| (ক) | দুই কোটি পঁচিশ লক্ষ টাকা পর্যন্ত | শুন্য |
| (খ) | দুই কোটি পঁচিশ লক্ষ টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয় | ১০% |
| (গ) | দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয় | ১৫% |
| (ঘ) | বিশ কোটি টাকার অধিক কিন্তু ত্রিশ কোটি টাকার অধিক নয় | ২০% |
| (ঙ) | ত্রিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর | ২৫% |

তবে শর্ত থাকে যে, নীট পরিসম্পদের মূল্যমান/পরিমাণ ২.২৫ কোটি টাকা অতিক্রম করলে ন্যূনতম সারচার্জের পরিমাণ কোনভাবেই ৩০০০/-টাকার কম হবে না।

০৩। <u>১২ ডিজিটের টিআইএন সনদ দাখিলের বাধ্যবাধকতা সংক্রান্ত ধারা প্রতিস্থাপনঃ</u>

অর্থ আইন ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 184A ধারা প্রতিস্থাপনের মাধ্যমে বিদ্যমান বিধান অনুসারে ২৫টি ক্ষেত্রে বিভিন্ন কর্তৃপক্ষের নিকট ১২ ডিজিটের টিআইএন সনদ দাখিলের বিধান করা হয়েছে। প্রত্যেক করদাতা নিজ নিজ টিআইএন (ট্যাক্স পেয়ারর্স আইডেন্টিফিকেশন নম্বর) উল্লেখ করবেন। অদ্যাবধি কোন করদাতা টিআইএন এর আবেদন দাখিল না করে থাকলে নিম্নোক্ত পদ্ধতিতে ১২ ডিজিটের টিআইএন সনদ সংগ্রহ করতে পারবেনঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে ইলেকট্রোনিক পদ্ধতিতে আবেদন করার বিধান করা হয়েছে (ওয়েব সাইটের ঠিকানাঃWWW.incometax.gov.bd )।
- আবেদনকারীকে ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।
- পাশাপাশি নির্ধারিত ফরমে উপ-কর কমিশার বরাবরেও আবেদন করা যাবে।
- আইএসডি টেলিফোন সংযোগের ক্ষেত্রে ১২ ডিজিটের টিআইএন সনদ দাখিলের বাধ্যবাধকতা আর থাকবেনা।
- ইংলিশ মিডিয়াম স্কুলে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত ব্যাপারে সিটি কর্পোরেশন অথবা জেলা সদরের পৌরসভায় অবস্থিত ইন্টারন্যাশনাল কারিকুলাম অনুযায়ী শিক্ষা দানরত কোন ইংলিশ মিডিয়াম স্কুলে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট উক্ত শিক্ষার্থীর মাতা বা পিতা বা অভিভাবকের ১২ ডিজিটের টিআইএন সনদ দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

০৪। <u>আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part A এর নিম্নরূপ সংশোধন আনা হয়েছেঃ</u>

অর্থ আইন ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part A এতে আনীত পরিবর্তন/সংযোজনসমূহ নিম্নরূপঃ

- ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী হতে ডিভিডেন্ড হিসাবে প্রাপ্ত অর্থ ২৫,০০০/- টাকা পর্যন্ত করমুক্ত। ডিভিডেন্ড এর পরিমাণ ২৫,০০০/- টাকার অধিক হলে অতিরিক্ত টাকা মোট করযোগ্য আয়ের সাথে যোগ হবে।
- কোন করদাতা কর্তৃক ২.৫০ কোটি টাকা পর্যন্ত গ্র্যাচুয়িটি হিসাবে প্রাপ্ত অর্থ করমুক্ত আয় হিসাবে গণ্য হবে।
- প্রভিডেন্ড ফান্ডে প্রাপ্ত সমুদয় অংক করমুক্ত আয় হিসাবে গণ্য হবে।
- মিউচুয়াল ফান্ড অথবা ইউনিট ফান্ড হতে কোন করদাতা বছরে প্রাপ্ত যে কোন আয় তার সুদ, মুনাফা, ডিভিডেন্ড ইত্যাদি যে নামেই অভিহিত হউক না কেন ২৫,০০০/- টাকা পর্যন্ত করমুক্ত থাকবে। অতিরিক্ত অংক করযোগ্য আয়ের সাথে যোগ হবে।

০৫। <u>বিধি ২৪ সংশোধনপূর্বক আয়কর রিটার্ণ ও সম্পদ বিবরণী সহজীকরণঃ</u>

সকল করদাতাকে বিধি ২৪ মোতাবেক সম্পদ ও দায়ের বিবরণী (IT-10BBB) (Asset & Liabilities) দাখিল করতে হবে।

৬। এমতাবস্থায়, প্রত্যেক করদাতা প্রযোজ্য হারে আয়কর হিসাব করতঃ আয়কর নির্ধারণী বিবরণী (কম্পিউটেশন সীট)সহ প্রণীত রিটার্ন (পিপি ছবি সংযোজন পূর্বক) ফরম স্ব-স্ব এলাকার আয়কর কর্তৃপক্ষের নিকট অনতিবিলম্বে দাখিল করবেন। ঢাকা ও নারায়নগঞ্জ জেলার কর্মকর্তা/কর্মচারীগণ উপ-কর কমিশনারের কার্যালয়, বৈতনিক সার্কেল-৩৩০, কর অঞ্চল-১৫, রাইন রাজ্জাক প্লাজা ১১তলা, মগবাজার, ঢাকায় রিটার্ন দাখিল করবেন। ঢাকার বাইরে কর্মরত করদাতাগণ নিজ নিজ কর্মস্থলের সংশ্লিষ্ট জেলা সদরে আয়কর কর্তৃপক্ষের নিকট রিটার্ন দাখিল করবেন। তবে নিজের আয়কর নথির অবস্থান নিশ্চিত হয়ে রিটার্ন দাখিল করা সমীচীন হবে। <u>রিটার্ন দাখিলের শেষ সময়সীমা ৩০ সেপ্টেম্বর'২০১৫।</u>

০৭। আয়কর অধ্যাদেশের ধারা ৮২বি এর নতুন ধারা ৮২ বিবি সংযোজনের মাধ্যমে সার্বজনীন স্ব-নির্ধারণী পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। এ বিধানের ফলে যে কোন করদাতা নিরূপিত আয়/ক্ষতি নির্বিশেষে সার্বজনীন স্ব-নির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন। উক্ত ছকে দাখিলকৃত রিটার্ন সংশ্লিষ্ট উপ-কর কমিশনার বা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারী গ্রহণ করবেন এবং রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র করদাতাকে প্রদান করবেন। **উক্ত প্রাপ্তি স্বীকারপত্র করদাতার কর নির্ধারণী আদেশ বলে বিবেচিত হবে।**

০৮। **ব্যক্তি করদাতার রিটার্ণ দাখিলের ক্ষেত্রে জরিমানার সর্বোচ্চ সীমা নির্ধারণ সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 124 এর উপ-ধারা (I)এ Proviso সংযোজনঃ**

আয়কর রিটার্ণ দাখিলে ব্যর্থতার কারণে সংশ্লিষ্ট ব্যক্তি করদাতার উপর জরিমানা আরোপের সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ করে আয়কর অধ্যাদেশের ধারা 124 এর উপ-ধারা (I)এর নতুন Proviso সংযোজন করা হয়েছে।

- কোন নতুন ব্যক্তি করদাতা, যিনি ইতোপূর্বে কখনও কর আরোপিত হন নাই, তাঁর ক্ষেত্রে **ধারা 124 এর উপ-ধারা (I) অনুযায়ী আরোপযোগ্য মোট জরিমানার পরিমাণ ৫,০০০/- টাকার বেশি হবে না।**
- ইতোপূর্বে কর আরোপিত হয়েছেন এমন কোন পুরোনো ব্যক্তি করদাতার ক্ষেত্রে এরুপ জরিমানার পরিমাণ তাঁর সর্বশেষ **নিরুপিত আয়ের উপর ধার্যকৃত করের ৫০% বা ১০০০/- টাকা, দু'টির মধ্যে যেটি বেশি তা আরোপযোগ্য হবে।**

০৯। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল কর বিবরণী (রিটার্ন) দাখিল করার কারণে কিংবা আদৌ কর বিবরণী দাখিল না করার কারণে বৈতনিক আয়কর কর্তৃপক্ষ কর্তৃক যেকোন জরিমানা আরোপিত হলে সংশ্লিষ্ট করদাতা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন ও জরিমানার টাকা তাঁকেই প্রদান করতে হবে। **আয়কর অধ্যাদেশের ১৭৮ ধারার সংশোধন করে ১৭৮(১) উপ-ধারায় আনীত সংশোধনীর ফলে Civil Procedure Code,1908 অনুযায়ী সমন জারীর ব্যবস্থা বহাল করা হয়েছে।**

১০। বৈতনিক আয়কর সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে অত্র বিভাগের **উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা, জনাব সুরেশ চন্দ্র পাল** (০১৭১৫০৩০৩৩২) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৩/০৯/১৫

(মোঃ সাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫৬৯৩১

নং-প্রকা/হিসাব-১/করশাখা-৩/২০১৫-২০১৬/৮৬২(১২৫০) তারিখঃ ঐ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

(১) চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পর্ষদ সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(২) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(৩) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১ ও ২ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৪) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৫) সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব/ অধ্যক্ষ টি আই, বিকেবি, প্রকা, ঢাকা। ব্যাংকের নির্দিষ্ট ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
(৬) সকল বিভাগীয় কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
(৭) কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), সেগুন বাগিচা, ঢাকা।
(৮) উপ-কর কমিশনার, কর সার্কেল-৩৩০, কর অঞ্চল-১৫, রাইন রাজ্জাক প্লাজা ১১তলা, মগবাজার, ঢাকা।
(৯) উপ-কর কমিশনার, চট্টগ্রাম/খুলনা/কুমিল্লা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/কুষ্টিয়া ও ফরিদপুর।
(১০) নথি / মহানথি।

03/09/15

(কাজী শাহ আলম)
সহকারী মহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭১৫২৩০৫৫৪